# সংবিধান

## ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)

**স্থাপিত: ১৯৭০**

[৮ নভেম্বর ১৯৭০ ঢাকায় অনুষ্ঠিত
প্রথম সাধারণ সম্মেলনে গৃহীত
এবং ২২-২৫ এপ্রিল ২০১৪ পর্যন্ত
কাউন্সিল অধিবেশনে সংশোধিত ]

কেন্দ্রীয় কার্যালয়
১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড
ঢাকা-১০০০, বাংলাদেশ

**ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)**
১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০, কর্তৃক প্রকাশিত ও প্রচারিত
মূল্য ঃ ৫০.০০ (পঞ্চাশ) টাকা মাত্র।

# ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ

## (আইডিইবি)

### এর

# সংবিধান

৮ নভেম্বর ১৯৭০ ঢাকার রমনাস্থ আর্ট কাউন্সিলে অনুষ্ঠিত প্রথম সাধারণ সম্মেলনে গৃহীত। অতঃপর ২৫ ডিসেম্বর ১৯৭২ তেজগাঁওস্থ ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট মিলনায়তন এবং ৮ আগস্ট ১৯৭৬ তেজগাঁওস্থ বাংলাদেশ টেক্সটাইল ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিল সম্মেলনে, ১২ অক্টোবর ১৯৮৫ ঢাকাস্থ বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত ১১তম কাউন্সিল সম্মেলন, ১৬ জানুয়ারি ১৯৯৪ কাকরাইলস্থ আইডিইবি কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত ১৮তম জাতীয় কাউন্সিল সম্মেলন, ১৭ এপ্রিল ১৯৯৭ আইডিইবি ভবনে অনুষ্ঠিত ২২তম জাতীয় কাউন্সিল, ২৭ ডিসেম্বর ২০০৫ আইডিইবি ভবনে অনুষ্ঠিত ২৯তম জাতীয় কাউন্সিল সম্মেলন, ২৯-৩০ আগস্ট ২০০৮ আইডিইবি ভবনে অনুষ্ঠিত ৩১তম (স্থগিত) ও ৩২তম জাতীয় কাউন্সিল সম্মেলন, ২৫-২৮ জানুয়ারি ২০১২ কাকরাইলসন্থ আইডিইবি ভবনে অনুষ্ঠিত ৩৫তম জাতীয় কাউন্সিল সম্মেলন এবং ২২-২৫ এপ্রিল ২০১৪ আইডিইবি ভবনে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় কাউন্সিল সম্মেলনে সংশোধিত।

সদর দপ্তর ঃ ঢাকা

স্থাপিত ঃ ৮ নভেম্বর, ১৯৭০

## অনুচ্ছেদ ঃ ০১

## নামকরণ, মনোগ্রাম, পতাকা, অবস্থান ও কর্মপরিধি

০১.০১ **নাম ও পদ্ধতি ঃ** এই ইনস্টিটিউশনের নাম ও লেখ্য পদ্ধতি হইবে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ সংক্ষেপে আইডিইবি।

০১.০২ **মনোগ্রাম ঃ** এই ইনস্টিটিউশনের একটি মনোগ্রাম থাকিবে এবং ইহা ইনস্টিটিউশনের একমাত্র প্রতীক চিহ্ন হিসাবে গণ্য হইবে। মনোগ্রামে ইনস্টিটিউশনের প্রতিষ্ঠাকালীন বৎসর ১৯৭০ খৃষ্টাব্দ লেখা থাকিবে।

০১.০৩ **পতাকা ঃ** গাঢ় সবুজ পটভূমির কেন্দ্রস্থলে স্থাপিত আইডিইবি'র মনোগ্রাম সম্বলিত বস্ত্রাংশ হইবে আইডিইবি'র পতাকা। ইহার দৈর্ঘ ও প্রস্থের অনুপাত হইবে ১০:৬

০১.০৪ **অবস্থান ঃ**

০১.০৪.০১ **সদর দপ্তর ঃ** ইনস্টিটিউশনের সদর দফতরের অবস্থান হইবে ১৬০/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ। পূর্বের ১১নং হলিক্রস, ফার্মগেট, ঢাকা (১৯৭০-৭১) এবং ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ডাকঘর সংলগ্ন, তেজগাঁও, ঢাকা (১৯৭২-৮৭)।

০১.০৪.০২ **শাখা ঃ** সংবিধানে বর্ণিত জেলা শাখাসমূহ বিভিন্ন জেলা সদরে এবং উপজেলা শাখাসমূহ উপজেলা সদরে অবস্থিত হইবে।

০১.০৪.০৩ **ইউনিট ঃ** সংবিধানে বর্ণিত ইউনিটসমূহ বিভিন্ন জেলা /উপজেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত হবে, যেখানে যথেষ্ট সংখ্যক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার কর্মরত আছেন এবং জেলা/উপজেলা সদর হইতে দূরে অবস্থিত সেখানে ইউনিট গঠন করা যাইবে।

০১.০৫ **কর্মপরিধি ঃ** এই ইনস্টিটিউশনের কর্মপরিধি সমগ্র বাংলাদেশব্যাপী।



## অনুচ্ছেদ ঃ ০২

## লক্ষ্য ও উদ্দেশ্য

০২.০১ সংগঠন হিসাবে এই ইনস্টিটিউশন হইবে সম্পূর্ণ অরাজনৈতিক।

০২.০২ এই ইনস্টিটিউশন জাতীয় এবং সদস্যবৃন্দের পেশাগত মান উন্নয়ন, সদস্যবৃন্দের মধ্যে পারস্পরিক ঘনিষ্ঠতর সম্পর্ক সৃষ্টি, দেশপ্রেম ও ভ্রাতৃত্ববোধের চেতনা জাগরণের মাধ্যমে সদস্যবৃন্দের সার্বিক কল্যাণ সাধন এবং জাতীয় উন্নয়ন বিশেষ করিয়া সহজলভ্য কাঁচামালের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে কারিগরি উন্নয়ন এবং কারিগরি কর্মক্ষেত্রে নিয়োজিত ব্যক্তিদের মানোন্নয়নের লক্ষ্যে কাজ করিবে।

০২.০৩ এই ইনস্টিটিউশন বাংলাদেশের সকল ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায্য অধিকার ও স্বার্থ সংরক্ষণে সর্বাত্মক প্রচেষ্টা চালাইয়া যাইবে।

০২.০৪ এই ইনস্টিটিউশন বিশ্বব্যাপী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারসহ অন্যান্য পেশাজীবীদের সহিত বাংলাদেশের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ঘনিষ্ঠতর ভ্রাতৃত্ববোধ সৃষ্টি, চলমান প্রযুক্তির সহিত পরিচিতি ও জ্ঞানের আদান-প্রদান এবং মানবকল্যাণ ও মানবসম্পদ উন্নয়নে কাজ করিবে।

০২.০৫ এই ইনস্টিটিউশন একটি পেশাজীবী সংগঠন হিসাবে আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিভিন্ন দেশের প্রযুক্তি এবং সমাজভিত্তিক পেশাগত সংগঠনসমূহের সহিত জাতীয় ও আন্তর্জাতিকভাবে দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিকভাবে সম্পর্ক গড়ে তোলাসহ যৌথ কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

০২.০৬ এই ইনস্টিটিউশন সদস্যদের পেশাগত জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও নৈতিকতাবোধ বৃদ্ধির লক্ষ্যে কাজ করিবে।

০২.০৭ এই ইনস্টিটিউশন মহান মুক্তিযুদ্ধের চেতনায় সদস্যদেরকে উজ্জীবিত রাখার লক্ষ্যে কাজ করিবে।

০২.০৮ এই ইনস্টিটিউশন একক/ যৌথ প্রতিষ্ঠান/ সংস্থার সাথে জাতীয়

গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়সহ কারিগরি উন্নয়নের লক্ষ্যে গবেষণা/স্টাডি করিবে।

০২.০৯ এই ইনস্টিটিউশন সদস্যদের ন্যায্য দাবি দাওয়া এবং অধিকার আদায় ও সংরক্ষণে সচেষ্ট থাকিবে।

০২.১০ এই ইনস্টিটিউশন সদস্যদের মধ্যে ঘনিষ্ট সম্পর্ক সৃষ্টি এবং ভ্রাতৃত্ববোধ জাগ্রত ও বৃদ্ধি করিবার লক্ষ্যে কাজ করিবে।

০২.১১ এই ইনস্টিটিউশন জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি এবং নৈতিক মূল্যবোধ সম্পন্ন মানবিক সমাজ গঠনে সচেষ্ট থাকিবে।

০২.১২ এই ইনস্টিটিউশন সদস্যবৃন্দের মানবিক কল্যাণসাধন এবং জাতীয় প্রাকৃতিক দূর্যোগে দেশের মানুষের কল্যাণে সার্বিক সহযোগিতার কাজে নিয়োজিত থাকিবে। এই বিষয়ে কেনিক আপদকালীন সাহায্যার্থে কল্যাণ তহবিল গঠন, সংগ্রহ ও পরিচালনা করিবে। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে"আইডিইবি কল্যাণ ফাউন্ডেশন"- নামে একটি ফাউন্ডেশন গঠন করা যাইবে। এই ফাউন্ডেশন নিজস্ব বিধি অনুযায়ী আইডিইবি'র সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হইবে।

## অনুচ্ছেদ ঃ ০৩
## সদস্যপদ

০৩.০১ **সদস্য ঃ** বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ উত্তীর্ণ এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর সনদ প্রাপ্ত যে কোন ব্যক্তি এই ইনস্টিটিউশনের সদস্য হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে সদস্যপদ লাভের জন্য ইনস্টিটিউশনের বিধি বিধান অনুসারে নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে এবং সদস্য সনদ প্রাপ্ত হইতে হইবে।

০৩.০২ **আজীবন সদস্য ঃ** কোন সদস্য এককালিন ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র চাঁদা প্রদান করিয়া আজীবন সদস্যপদ গ্রহণ করিতে পারিবেন।



০৩.০৩ **ফেলো সদস্য ঃ** সদস্য পদের ব্যাপ্তি ২৫ বৎসর পূর্ণ হইতে হইবে ও আইডিইবি'র সাংগঠনিক কর্মকাণ্ডে জড়িত ছিলেন/আছেন এবং প্রকৌশল দক্ষতার পাশাপাশি সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক কর্মকান্ডে অবদান রহিয়াছে ঐ সকল সদস্যগণ ফেলো সদস্য হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। জেলা নির্বাহী কমিটি এরূপ সদস্যের আবেদনক্রমে বিস্তারিত তথ্যসহ বিবরণী কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট দাখিল করিবেন এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটি যাচাই-বাছাইপূর্বক ফেলো সদস্য হিসাবে মনোনয়ন দিবেন এবং ফেলো সদস্য সনদ প্রদান করিবেন।

০৩.০৪ **দাতা সদস্য ঃ**

(ক) কোন সদস্য প্রকৌশলী আইডিইবি ভবন নির্মাণ তহবিলে নির্ধারিত অনুদান প্রদান করিলে দাতা সদস্য বলিয়া গণ্য হইবেন।

(খ) কোন ব্যক্তি আইডিইবি'র কর্মকাণ্ডের প্রতি সহানুভূতিশীল হইয়া এককালিন ন্যূনতম ১(এক) লক্ষ টাকা অনুদান প্রদান করিলে কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে তিনি সম্মানি দাতা সদস্য হইবেন এবং সনদপ্রাপ্ত হইবেন। তবে এই সদস্য সংখ্যা ০.৫০% উর্দ্ধে হইবে না এবং ভোটাধিকার থাকিবে না।

০৩.০৫ **সম্মানী সদস্য ঃ** এই সংবিধানের ৩নং অনুচ্ছেদ-এর ১নং বিধিতে উল্লিখিত শর্তসমূহ পূরণ করেন নাই, কিন্তু এই ইনস্টিটিউশনের উদ্দেশ্য ও মূলনীতির প্রতি সহানুভূতিশীল এমন ব্যক্তি অথবা যাহার ইঞ্জিনিয়ারিং কর্মক্ষেত্রে কোন সুবিদিত কৃতিত্বের সুখ্যাতি রহিয়াছে এবং এই ইনস্টিটিউশনের উন্নয়ন ও বিকাশে সহায়তা করেন, তিনি ইনস্টিটিউশনের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সম্মতি ও অনুমোদনক্রমে ইনস্টিটিউশনের সম্মানী সদস্য হিসাবে মনোনয়ন লাভের যোগ্যতা অর্জন করিবেন। শর্ত থাকে যে, এই সদস্য সংখ্যা কোনক্রমেই মোট সদস্য সংখ্যার ১% (এক শতাংশ) এর বেশি হইবে না।

০৩.০৬ **ছাত্র সদস্যঃ** কলেজ/ইউনিভার্সিটি/পলিটেকনিক ইনস্টিটিউট এবং

টেকনিক্যাল ইনস্টিটিউটসমূহের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীগণ সংবিধানের শর্ত সাপেক্ষে অথবা সময় সময় কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এই ইনস্টিটিউশনের ছাত্র সদস্য হওয়ার যোগ্যতা অর্জন করিবেন।

০৩.০৭ **ভোটাধিকার ঃ** কেবলমাত্র ৩নং অনুচ্ছেদ-এর ০৩.০১, ০৩.০২ ও ০৩.০৩ নং উপ-অনুচ্ছেদে বর্ণিত সদস্যবৃন্দ, সংবিধানের **১১** নং অনুচ্ছেদে বর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ভোটাধিকার প্রাপ্ত সদস্য বলিয়া গণ্য হইবেন।

## অনুচ্ছেদ ঃ ০৪
## ফি ও চাঁদা

০৪.০১ **ভর্তি ফি ঃ** ইনস্টিটিউশনের সদস্য হইতে হইলে এককালিন টাকা ৫০/- (পঞ্চাশ) মাত্র ভর্তি ফি প্রদান করিতে হইবে।

০৪.০২ **চাঁদা ঃ** প্রতিজন সদস্যকে বাৎসরিক ২০০/- (দুই শত) টাকা হারে এককালিন চাঁদা প্রদান করিতে হইবে।

০৪.০৩ **বিশেষ চাঁদা/অনুদান ঃ** ইনস্টিটিউশনের স্বার্থে ও বিশেষ প্রয়োজনে দুর্দশাগ্রস্তের সাহায্যার্থে কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে জেলা নির্বাহী কমিটি সদস্যদের নিকট হইতে বিশেষ চাঁদা/অনুদান গ্রহণ করিতে পারিবেন।

০৪.০৪ **ছাত্রসদস্য ফি ঃ** ছাত্র সদস্যগণের কোন চাঁদা পরিশোধ করিতে হইবে না। ইনস্টিটিউশনের ছাত্রসদস্য হিসাবে তালিকাভূক্ত হইবার জন্য কেনিক সরবরাহকৃত নির্দিষ্ট ফরম পূরণ করিয়া ভর্তি ফি বাবদ সর্বমোট টাকা ১০/- (দশ) মাত্র পরিশোধ করিতে হইবে।

০৪.০৫ **ফেলো সদস্য ঃ** কোন ফেলো সদস্য এককালিন ৫ (পাঁচ) বৎসরের সমপরিমাণ চাঁদা পরিশোধ করিলে তাহার জীবদ্দশায় আর কোন প্রকার চাঁদা প্রদান করিতে হইবে না। তাহা ছাড়া কোন সদস্য/ফেলো



সদস্যের বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পর ২ (দুই) বৎসরের সমপরিমাণ চাঁদা প্রদান করিলে তাহার জীবদ্দশায় আর কোন চাঁদা প্রদান করিতে হইবে না।

## অনুচ্ছেদ ঃ ০৫
## সদস্যপদ অবলুপ্তি

০৫.০১ কোন সদস্য ইচ্ছাকৃতভাবে এই সংবিধান অথবা ইহার কোন অংশ লঙ্ঘন করিলে অথবা ইনস্টিটিউশনের স্বার্থ বিরোধী কোন কাজ করিলে কেন্দ্রীয় নির্বাহী কমিটি তাহার সদস্যপদ সাময়িকভাবে স্থগিত অথবা সদস্যপদ থেকে বহিষ্কার করিতে পারিবে।

০৫.০২ চূড়ান্তভাবে বহিষ্কারের পূর্বে অভিযুক্ত সদস্যকে অবশ্যই তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য ৪৫ দিন সময় ও সুযোগ প্রদান করিতে হইবে। এরূপক্ষেত্রে পরবর্তী জাতীয় কাউন্সিলের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

## অনুচ্ছেদ ঃ ০৩
## প্রাধিকার

০৬.০১ সাধারণ কাঠামো ঃ সদস্যবর্গ সম্মিলিতভাবে ইনস্টিটিউশনের সাধারণ কাঠামো গঠন করিবেন।

০৬.০২.০১ জাতীয় কাউন্সিল ঃ প্রতিটি শাখা হইতে আনুপাতিক হারে প্রতিনিধি, যাহারা কাউন্সিলর হিসাবে গণ্য হইবেন তাহাদের সমন্বয়ে জাতীয় কাউন্সিল গঠিত হইবে। অনুপাত হইবে সংশ্লিষ্ট শাখার সদস্যবর্গ যাহাদের চাঁদা পরিশোধিত আছে এবং নির্ধারিত অংশ কেন্দ্রে প্রেরণ করা হইয়াছে এমন সদস্য সংখ্যার প্রতি পঞ্চাশ জনের অথবা উহার অংশ বিশেষের জন্য ১ (এক) জন কাউন্সিলর হইবে। ইউনিক/ইউনিট এর ক্ষেত্রে সদস্য সংখ্যা ৫০ এর কম হইলেও সেখানে একজন কাউন্সিলর নির্বাচিত হইবেন। ইহা ছাড়া জেলা/ সাংগঠনিক জেলা নির্বাহী কমিটির সভাপতি এবং সাধারণ সম্পাদক পদাধিকার বলে কাউন্সিলর হইবেন।

০৬.০২.০২ কেন্দ্রীয় নির্বাহী কমিটি খ্যাতনামা সদস্য প্রকৌশলীদের মধ্য হইতে ১৫ (পনের) জন কাউন্সিলর মনোনীত করিতে পারিবেন, যাঁহারা সংবিধান প্রদত্ত/বর্ণিত কাউন্সিলরদের অধিকার ও সুবিধা ভোগ করিবেন।

০৬.০২.০৩ কেন্দ্রীয় নির্বাহী কমিটির অব্যবহিতপূর্ব সভাপতি এবং সাধারণ সম্পাদক পদাধিকার বলে জাতীয় কাউন্সিল-এর সদস্য হইবেন। যাহারা সংবিধান প্রদত্ত/বর্ণিত কাউন্সিলরদের অধিকার ও সুবিধা ভোগ করিবেন।

০৬.০২.০৪ কার্যরত কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল সদস্য পদাধিকার বলে জাতীয় কাউন্সিল-এর সদস্য হইবেন। আইডিইবি'র উপদেষ্টা পরিষদের সকল সদস্য পদাধিকার বলে কাউন্সিলর হিসাবে গণ্য হইবেন, যাঁহারা সংবিধান প্রদত্ত/বর্ণিত কাউন্সিলরদের অধিকার ও সুবিধা ভোগ করিবেন।

০৬.০২.০৫ বৎসরে অন্তত একবার জাতীয় কাউন্সিলের অধিবেশন হইবে।

০৬.০২.০৬ ইনস্টিটিউশনের জাতীয় কাউন্সিল সম্মেলনে জাতীয় কাউন্সিলের সদস্যবৃন্দের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় গণপূর্তি সম্পন্ন হইবে।

০৬.০৩ জাতীয় কাউন্সিলের কার্যাবলী ঃ

০৬.০৩.০১ ইনস্টিটিউশনের সার্বিক নীতি প্রণয়ন করা।

০৬.০৩.০২ কেন্দ্রীয় বাজেট অনুমোদন করা।

০৬.০৩.০৩ বিধি/উপ-বিধি এবং প্রবিধান প্রণয়ন করা।

০৬.০৩.০৪ নীতিনির্ধারণী সিদ্ধান্ত গ্রহণে জাতীয় কাউন্সিল ইনস্টিটিউশনের সর্বোচ্চ পরিষদ হিসেবে পরিগণিত হইবে।

০৬.০৪ কমিটিসমূহ ঃ

০৬.০৪.০১ কেন্দ্রীয় নির্বাহী কমিটি (কেনিক)

০৬.০৪.০২ জেলা নির্বাহী কমিটি (জেনিক)

০৬.০৪.০৩ সাংগঠনিক জেলা নির্বাহী কমিটিঃ শতাধিক রেজিষ্ট্রার্ড সদস্য



সংখ্যাবিশিষ্ট ইউনিক/ইউনিট যাহা জেলা সদর হইতে দূরে অবস্থিত এরূপ ক্ষেত্রে কেনিকের অনুমোদন সাপেক্ষে সাংগঠনিক জেলা নির্বাহী কমিটি গঠন করা যাইবে।

০৬.০৪.০৪ উপজেলা নির্বাহী কমিটি (ইউনিক)

০৬.০৪.০৫ ইউনিট নির্বাহী কমিটি : জেনিক থেকে দূরে অবস্থিত জনগুরুত্বপূর্ণ স্থানে কেনিকের অনুমোদন সাপেক্ষে ইউনিট নির্বাহী কমিটি গঠিত হইবে।

০৬.০৬ সহযোগী সংগঠন ঃ বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি সংস্থা/কোম্পানীতে কর্মরত সদস্য প্রকৌশলীদের পেশাগত সমস্যাবলী সমাধান, পেশাগত মানোন্নয়নে গঠিত ডিপ্লোমা প্রকৌশলী সমিতি (ডিপ্রস) সমূহ আইডিইবি'র অনুমোদিত সার্ভিস এসোসিয়েশন হিসাবে স্বীকৃত হইবে।

০৬.০৭ ওভারসিজ্ (Overseas) সংগঠন : বিদেশে অবস্থানরত সদস্য প্রকৌশলীদের সংশ্লিষ্ট দেশের আইন অনুযায়ী গঠিত সংগঠন / সমিতি আইডিইবি এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে Diploma Engineer Welfare Associasion / Oversees Chapter হিসাবে স্বীকৃত হইবে।

০৬.০৮ ইঞ্জিনিয়ারিং ডিভিশন ঃ প্রকৌশল/প্রযুক্তি যে কোন বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদির মাধ্যমে জ্ঞানচর্চার জন্য কেনিক প্রয়োজন অনুসারে নির্দিষ্ট প্রকৌশল বিভাগভিত্তিক কমিটি গঠন করিতে পারিবে। সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগের সদস্য প্রকৌশলীগণ এ বিভাগের সদস্য বলে বিবেচিত হইবেন।

## অনুচ্ছেদ ঃ ০৭
## উপদেষ্টা পরিষদ

**০৭.০১ গঠন**

০৭.০১.০১ ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ এর একটি

উপদেষ্টা পরিষদ থাকিবে। একজন প্রধান উপদেষ্টা ও ১০ জন উপদেষ্টার সমন্বয়ে উপদেষ্টা পরিষদ গঠিত হইবে এবং মেয়াদকাল হইবে কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুরূপ।

০৭.০১.০২ অব্যবহিত পূর্ববর্তী কেনিকের সভাপতি পদাধিকারবলে একজন উপদেষ্টা হইবেন।

০৭.০১.০৩ কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক এই পরিষদ গঠিত হইবে। কেন্দ্রীয় নির্বাহী কমিটির মনোনীত একজন কেনিক সদস্য এই পরিষদের সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

০৭.০১.০৪ কোন উপদেষ্টার পদ শূন্য হইলে কেনিক শূন্যপদ পূরণ করিবেন।

**০৭.০২ যোগ্যতা ঃ**

০৭.০২.০১ ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের কোন কল্যাণমুখি সংগঠন এর বিকাশ ও পরিচালনায় উল্লেখযোগ্য অবদানসমৃদ্ধ প্রবীণ ও কৃতি ডিপ্লোমা ইঞ্জিনিয়ার যাঁহাদের সদস্য পদের ব্যপ্তিকাল ন্যূনতম ২৫ (পঁচিশ) বছর এরূপ যোগ্যতাসম্পন্ন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের মধ্য হইতে প্রধান উপদেষ্টা ও উপদেষ্টা কেনিক কর্তৃক মনোনীত হইবেন।

**০৭.০৩ দায়িত্ব ঃ**

০৭.০৩.০১ উপদেষ্টা পরিষদ কেনিকের অনুরোধক্রমে সভা করিয়া ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটিকে পরামর্শ প্রদান করিতে পারিবেন এবং কেনিক সভাপতি প্রয়োজনে একক বা যৌথ সভা আহ্বান করিয়া পরামর্শ গ্রহণ করিতে পারিবেন।

**০৭.০৪ ব্যয় নির্বাহ ঃ**

০৭.০৪.০১ পরিষদের কার্যসম্পাদনের জন্য প্রয়োজনীয় দাপ্তরিক সেবা ও অর্থ কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিজস্ব বাজেট হইতে প্রদান করা হইবে।



## অনুচ্ছেদ ঃ ০৮
## কেন্দ্রীয় নির্বাহী কমিটি

**০৮.০১ গঠন ঃ** কেন্দ্রীয় নির্বাহী কমিটি নিম্নলিখিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত হইবে।

| | | |
|---|---|---|
| ১। | সভাপতি | - ১(এক) জন |
| ২-১১। | সহ-সভাপতি (প্রতি অঞ্চল হইতে ১ জন করিয়া) [অঞ্চলের বিভাজন পরিশিষ্ট-খ-এ-দ্রষ্টব্য] | - ১০(দশ) জন |
| ১২। | সাধারণ সম্পাদক (ঢাকা হইতে) | - ১(এক) জন |
| ১৩। | যুগ্ম সাধারণ সম্পাদক (ঢাকা) | - ১(এক) জন |
| ১৪। | যুগ্ম সাধারণ সম্পাদক | - ১(এক) জন |
| ১৫। | অর্থ সম্পাদক (ঢাকা হইতে) | - ১(এক) জন |
| ১৬। | সাংগঠনিক সম্পাদক | - ১(এক) জন |
| ১৭-১৮। | সহ-সাংগঠনিক সম্পাদক (একজন মহিলা) | - ২(দুই) জন |
| ১৯। | জনসংযোগ ও প্রচার সম্পাদক (ঢাকা হইতে) | - ১(এক) জন |
| ২০। | সহ-জনসংযোগ ও প্রচার সম্পাদক | - ১(এক) জন |
| ২১। | আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | - ১(এক) জন |
| ২২। | শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক | - ১(এক) জন |
| ২৩। | সহশিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক | - ১(এক) জন |
| ২৪। | বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক | - ১(এক) জন |
| ২৫। | গবেষণা ও আইসিটি সম্পাদক (ঢাকা হইতে) | - ১ (এক) জন |
| ২৬। | সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক | - ১(এক) জন |
| ২৭। | সমাজকল্যাণ সম্পাদক | - ১(এক) জন |
| ২৮। | দপ্তর সম্পাদক (ঢাকা হইতে) | - ১(এক) জন |
| ২৯। | মহিলা ও পরিবার কল্যাণ বিষয়ক সম্পাদক (মহিলাদের জন্য নির্ধারিত) | - ১(এক) জন |
| ৩০। | লাইব্রেরি সম্পাদক | - ১(এক) জন |
| ৩১। | প্রকাশনা সম্পাদক | - ১(এক) জন |
| ৩২। | চাকরি বিষয়ক সম্পাদক | - ১(এক) জন |
| ৩৩। | ছাত্র বিষয়ক সম্পাদক | - ১(এক) জন |

### ০৮.০২ কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যাবলী ঃ

০৮.০২.০১ কেন্দ্রীয় নির্বাহী কমিটি ইনস্টিটিউশনের সমুদয় কার্যাবলী সম্পাদন ও ইনস্টিটিউশন পরিচালনা করিবে।

০৮.০২.০২ নির্বাচিত জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটি এবং কাউন্সিলর তালিকা অনুমোদন করিবে।

০৮.০২.০৩ আইডিইবি সকল শাখার তদারকি ও পর্যবেক্ষণ করিবে। কার্যক্রমে অনিয়ম ও সাংগঠনিক স্থবিরতা পরিলক্ষিত হইলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

০৮.০২.০৪ সহযোগি সংগঠনের কার্যক্রম পর্যবেক্ষণ, সমন্বয় সাধন ও প্রয়োজনে পরামর্শ প্রদান করিবেন।

### ০৮.০৩ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্যবৃন্দের কার্যাবলী, দায়িত্ব ও কর্তব্য ঃ

**০৮.০৩.০১ সভাপতি ঃ** কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি ইনস্টিটিউশনের সাংবিধানিক প্রধান ও মুখপাত্র হিসাবে গণ্য হইবেন। সভাপতি ইনস্টিটিউশনের উন্নতি, উৎকর্ষ ও অগ্রযাত্রার দায়িত্ব বহন করিবেন। তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল সভায় এবং সেমিনার, সিম্পোজিয়াম ও কনভেনশনে সভাপতিত্ব করিবেন এবং জাতীয় কাউন্সিলের সকল সভায় তিনি চেয়ারম্যান হিসাবে সভা পরিচালনা করিবেন। কেবলমাত্র সমান সমান ভোটের ক্ষেত্রেই সভাপতি তাঁহার সিদ্ধান্তমূলক ভোট প্রদান করিবেন। সংবিধান সমুন্নত রাখার দায়িত্ব তাঁহার উপর বর্তাইবে।

০৮.০৩.০২ সহ-সভাপতি ঃ সহ-সভাপতিগণ সভাপতিকে দায়িত্ব পালনে সহায়তা করিবেন এবং সভাপতি প্রদত্ত/ কেনিক প্রদত্ত দায়িত্ব পালন করিবেন। সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি (ঢাকা অঞ্চল) সভাপতির দায়িত্ব পালন করিবেন। উভয়ের অনুপস্থিতিতে কেনিক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন।



**০৮.০৩.০৩ সাধারণ সম্পাদক ঃ** সাধারণ সম্পাদক যাবতীয় অফিস কার্যক্রম নির্বাহ ও পরিচালনার দায়িত্ব পালন করিবেন। তিনি বার্ষিক সম্মেলন, প্রতিনিধি সভা ও কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করিবেন। তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাসমূহের কার্যবিবরণী লিপিবদ্ধ ও সংরক্ষণ করিবেন। কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল সভার প্রস্তাব ও সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিবেন।

সাধারণ সম্পাদক বিভিন্ন দফতরের সম্পাদকবৃন্দ ও সভাপতির সহিত পরামর্শক্রমে কেন্দ্রীয় নির্বাহী কমিটির বাজেট প্রণয়ন করিবেন এবং জাতীয় কাউন্সিলে উহা অনুমোদনের জন্য পেশ করিবেন। তিনি ইনস্টিটিউশনের সভাপতির সহিত পরামর্শ করিয়া কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাসমূহ, বাৎসরিক/জাতীয় সম্মেলন ও কাউন্সিল অধিবেশনের বিজ্ঞপ্তি প্রদান করিবেন। তিনি সভাপতির সঙ্গে পরামর্শক্রমে ইনস্টিটিউশনের কার্যাবলীর একটি মেয়াদী প্রতিবেদন প্রণয়ন করিবেন এবং ইনস্টিটিউশনের বার্ষিক/জাতীয় সম্মেলন এবং জাতীয় কাউন্সিলে উপস্থাপন করিবেন। তিনি সকল সম্পাদকের কার্যাবলী সমন্বয় করবেন এবং সকল সম্পাদকগণ তাঁহাদের কার্যাবলী, কর্তব্য ও দায়িত্ব পালনের ক্ষেত্রে সাধারণ সম্পাদকের নিকট দায়ী থাকিবেন। সাধারণ সম্পাদক ইনস্টিটিউশনের নির্বাহী প্রধান হিসেবে ইনস্টিটিউশনের দৈনন্দিন কার্যক্রম নির্বাহ করিবেন এবং ইনস্টিটিউশন পরিচালনার সার্বিক দায়িত্ব পালন করিবেন।

তিনি সভাপতির সাথে সমন্বয় করিয়া কেনিক এর সকল সভা, সম্মেলন, কাউন্সিলের কার্যবিবরণী লিপিবদ্ধ করিবেন এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করিবেন। তিনি জেলা নির্বাহী কমিটি, উপজেলা নির্বাহী কমিটি এবং ইউনিট কমিটি ও সার্ভিস এসোসিয়েশনের সাথে যোগাযোগ রক্ষা সহ কার্যক্রমের সমন্বয় সাধন করিবেন।

০৮.০৩.০৪ **যুগ্ম সাধারণ সম্পাদক ঃ** যুগ্ম সাধারণ সম্পাদকগণ সাধারণ সম্পাদককে দায়িত্ব পালনে সহায়তা প্রদান করিবেন। তাহা ছাড়া যুগ্ম সাধারণ সম্পাদকগণ সাধারণ সম্পাদক কর্তৃক প্রদত্ত বা কেনিক প্রদত্ত যে কোন দায়িত্ব পালন করিবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম সাধারণ সম্পাদক (ঢাকা) সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করিবেন। উভয়ের অনুপস্থিতিতে যুগ্ম সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করিবেন।

০৮.০৩.০৫ **অর্থ সম্পাদক ঃ** তিনি সকল জেলা/ইউনিক/ইউনিট কমিটির অর্থ সম্পাদকের নিকট হইতে সদস্য ফী, চাঁদা এবং অনুদান গ্রহণ করিবেন। ইনস্টিটিউশনে দান করিতে ইচ্ছুক এমন যে কোন উপযুক্ত ব্যক্তি অথবা প্রতিষ্ঠান হইতেও তিনি অনুদান গ্রহণ করিতে পারিবেন। তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদনের পর ইনস্টিটিউশনের সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করিবেন। ইনস্টিটিউশনের সভাপতি অথবা সাধারণ সম্পাদকের সহিত যৌথ স্বাক্ষরে তিনি ইনস্টিটিউশনের ব্যাংক হিসাব পরিচালনা করিবেন। তিনি ইনস্টিটিউশনের চাঁদা/অনুদান আদায়ের হিসাব এবং রশিদ বইয়ের হিসাব, সংশ্লিষ্ট হিসাব শাখার কর্মকর্তা-কর্মচারীদের সহযোগিতায় সংরক্ষণ করিবেন। তিনি ইনস্টিটিউশনের বাজেট প্রণয়নে সাধারণ সম্পাদককে সহায়তা করিবেন।

০৮.০৩.০৬ **সাংগঠনিক সম্পাদক ঃ** তিনি ইনস্টিটিউশনের সকল সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করিবেন। তিনি জেনিক, সাংগঠনিক জেলা, ইউনিক, ইউনিট ও সার্ভিস এসোসিয়েশনের সাংগঠনিক কার্যক্রম পরিবীক্ষণ ও পর্যালোচনা করিবেন। ইনস্টিটিউশনের সাধারণ সদস্যবৃন্দের সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিবেন এবং সাধারণ সদস্যদের অভিযোগসমূহ দ্রুত প্রতিবিধানের উদ্যোগ গ্রহণ করিবেন।

০৮.০৩.০৭ **সহসাংগঠনিক সম্পাদক ঃ** সহসাংগঠনিক সম্পাদকগণ সাংগঠনিক সম্পাদককে দায়িত্ব পালনে সহায়তা করিবেন এবং সাংগঠনিক সম্পাদক/ কেনিক কর্তৃক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করিবেন। সাংগঠনিক সম্পাদকের অনুপস্থিতিতে জ্যেষ্ঠ সহসাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করিবেন। নির্বাচনে প্রাপ্ত ভোট সংখ্যার ভিত্তিতে অথবা কেন্দ্রীয় নির্বাহী কমিটি সভায় সহ-সাংগঠনিক সম্পাদকের জ্যৈষ্ঠতা নির্ধারিত হইবে।

০৮.০৩.০৮ **জনসংযোগ ও প্রচার সম্পাদক ঃ** তিনি ইনস্টিটিউশনের সকল প্রকার জনসংযোগ কার্যক্রমের দায়িত্ব পালন করিবেন। তিনি সকল বিজ্ঞপ্তি এবং সম্মেলন ও সভার সিদ্ধান্তসমূহ সকল সদস্য এবং জনগণের নিকট প্রচারের দায়িত্ব পালন করিবেন।

০৮.০৩.০৯ **সহজনসংযোগ ও প্রচার সম্পাদক ঃ** তিনি জনসংযোগ ও প্রচার সম্পাদকের দায়িত্ব পালনে সহায়তা করিবেন। তিনি জনসংযোগ ও প্রচার সম্পাদক/কেনিক কর্তৃক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করবেন। জনসংযোগ ও প্রচার সম্পাদকের অনুপস্থিতিতে সহজনসংযোগ ও প্রচার সম্পাদক জনসংযোগ ও প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করিবেন।

০৮.০৩.১০ **আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ঃ** তিনি বিভিন্ন দেশে অবস্থানরত সকল সদস্য এবং আইডিইবি'র সদস্যদের সংগঠনের সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষার দায়িত্ব পালন করিবেন। তিনি বিভিন্ন দেশের প্রযুক্তি বিষয়ক শিক্ষা ও পেশাগত তথ্য সংগ্রহ করিবেন। তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন দেশের সমগোত্রীয় সংগঠনের সহিত যোগাযোগ রক্ষা করিবেন।

০৮.০৩.১১ **শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক ঃ** তিনি দেশের প্রযুক্তি ও কারিগরি শিক্ষার প্রসার ও উন্নয়নে কেনিককে পরামর্শ দিবেন। তিনি দেশের পলিটেকনিক সমূহের শিক্ষা কার্যক্রম ও মান উন্নয়নে কেনিককে পরামর্শ দিবেন। তিনি সদস্যদের শিক্ষাগত ও পেশাগত মান উন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করিবেন। তিনি শিক্ষামূলক সফরের আয়োজন

করিবেন। তিনি প্রশিক্ষণের মাধ্যমে সদস্যদের দক্ষতা বৃদ্ধি ও হালনাগাদ করণের উদ্যোগ গ্রহণ করিবেন। অদক্ষ জনশক্তি সহ ইঞ্জিনিয়ারিং কার্মক্ষেত্রের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করিবেন।

০৮.০৩.১২ **সহশিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক ঃ** তিনি শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদককে দায়িত্ব পালনে সহায়তা করিবেন। তিনি শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক/কেনিক কর্তৃক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করিবেন। শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদকের অনুপস্থিতিতে সহশিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদকের দায়িত্ব পালন করিবেন।

০৮.০৩.১৩ **বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ঃ** বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক সদস্যদের প্রযুক্তিগত মানোন্নয়ন, দক্ষতা ও কর্মনৈপুণ্যতা বৃদ্ধি ও প্রযুক্তিগত শিক্ষামূলক কার্যক্রমের বিস্তৃতির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করিবেন। তিনি বিভাগীয় ইঞ্জিনিয়ারিং কমিটি গঠনে সহযোগিতা এবং কমিটির কার্যক্রম তদারকি করিবেন। তিনি ইনস্টিটিউশনের বিজ্ঞান ও প্রযুক্তি পরামর্শ কেন্দ্রসমূহের সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালন করিবেন। তিনি দক্ষতা সংস্কৃতিসম্পন্ন জাতি গঠনে কেনিককে সহযোগিতা করিবেন।

০৮.০৩.১৪ **গবেষণা ও আইসিটি সম্পাদক ঃ** গবেষণা ও তথ্য যোগাযোগ টেকনোলজী সম্পাদক ইনস্টিটিউশনের সকল প্রকার তথ্য আধুনিক পদ্ধতিতে সংরক্ষণ করার ব্যবস্থা নিবেন। তিনি ইনস্টিটিউশনের সদর দপ্তর ও শাখাসমূহে তথ্য প্রযুক্তি ব্যবস্থাপনা সেল ও আরকাইভ গড়িয়া তুলিবেন। সদস্যদের তথ্যাদি ডাটাবেইসে ইনপুট করার ব্যবস্থা করিবেন। তিনি আইডিইবি স্টাডি এন্ড রিসার্চ সেলের সদস্য-সম্পাদকের দায়িত্ব পালন করিবেন এবং জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে স্টাডি এন্ড রিসার্চ কার্যক্রমে সহায়তা করিবেন।



০৮.০৩.১৫ **সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক ঃ** তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকার সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ করিবেন। জাতীয় ও স্মরণীয় দিবসে কেনিকের সিদ্ধান্ত অনুযায়ী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের দায়িত্ব পালন করিবেন।

০৮.০৩.১৬ **সমাজকল্যাণ সম্পাদক ঃ** তিনি সদস্যবৃন্দের জন্য কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করিবেন এবং সদস্যদের সমাজকল্যাণ ও মানবকল্যাণমূলক কাজে উদ্বুদ্ধ করিবেন। জাতীয় দুর্যোগকালে দুর্দশাগ্রস্ত জনগণের সাহায্যার্থে কেনিকের সিদ্ধান্ত অনুযায়ী আইডিইবি'র পক্ষে কার্যক্রম গ্রহণের উদ্যোগ নিবেন। তিনি আইডিইবি কল্যাণ ফাউন্ডেশন পরিচালনায় ও কার্যক্রমে সহযোগিতা করিবেন।

০৮.০৩.১৭ **দপ্তর সম্পাদক ঃ** তিনি ইনস্টিটিউশনের কেন্দ্রীয় দপ্তর পরিচালনার দায়িত্ব পালন করিবেন। ইনস্টিটিউশনের যাবতীয় নথিপত্র, দলিল-দস্তাবেজ ও আসবাবপত্র ইত্যাদিসহ সমুদয় সম্পত্তির হেফাজতের দায়িত্ব পালন করিবেন। তিনি ইনস্টিটিউশনের সকল প্রকার সম্পদের তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করিবেন এবং বৎসরান্তে হালনাগাদ করিবেন। তিনি আইডিইবি সদর দপ্তর ও জেলা শাখার সমুদয় সম্পত্তির হিসাব সংগ্রহ ও সংরক্ষণ করিবেন।

০৮.০৩.১৮ **মহিলা ও পরিবার কল্যাণ বিষয়ক সম্পাদক ঃ** তিনি ইনস্টিটিউশনে মহিলা সদস্যদের সমন্বয়কারী হিসাবে কাজ করিবেন। তিনি মহিলা ডিপ্লোমা প্রকৌশলীদেরকে আইডিইবি'র সদস্যভুক্ত হইতে উৎসাহিত করিবেন। তিনি আইডিইবি মহিলা ও পরিবার কল্যাণ পরিষদের কার্যক্রম সমন্বয় করিবেন।

০৮.০৩.১৯ **লাইব্রেরি সম্পাদক ঃ** তিনি ইনস্টিটিউশন ও শাখাসমূহের গ্রন্থাগার সংরক্ষণ ও পরিচালনার দায়িত্ব পালন করিবেন। তিনি লাইব্রেরীর জন্য বই, পত্র-পত্রিকা (জার্নাল), সাময়িকী ইত্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করিবেন এবং তিনি বিধি মোতাবেক সদস্যদের মধ্যে বই-পত্র ইস্যু করার দায়িত্ব পালন করিবেন। তিনি জ্ঞানভিত্তিক

সমাজ গঠনের পক্ষে সেমিনার ওয়ার্কসপ আয়োজনে উদ্যোগী হইবেন।

০৮.০৩.২০ **প্রকাশনা সম্পাদক ঃ** ইনস্টিটিউশনের ম্যাগাজিন, কারিগর পত্রিকাসহ নিয়মিত প্রকাশের দায়িত্ব পালন করিবেন।

০৮.০৩.২১ **চাকুরি বিষয়ক সম্পাদক ঃ** তিনি ইনস্টিটিউশন ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের সার্ভিস এসোসিয়েশনসমূহের মধ্যে সমন্বয়কারী হিসাবে কাজ করিবেন। তিনি চাকরি সংক্রান্ত সকল তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ এবং সরবরাহ করিবেন। তিনি বিভিন্ন পেশাজীবী সংগঠনসমূহের মধ্যে ইনস্টিটিউশনের পক্ষে সমন্বয়ক হিসাবে কাজ করিবেন। তিনি সদস্য প্রকৌশলীদের পেশাগত সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন।

০৮.০৩.২২ **ছাত্র বিষয়ক সম্পাদক ঃ** তিনি দেশের সকল পলিটেকনিক ইনস্টিটিউট / কলেজসমূহে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের শিক্ষার্থীগণের সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিবেন। তিনি ছাত্র-ছাত্রীদেরকে ইনস্টিটিউশনের ছাত্রসদস্য হিসাবে অন্তর্ভূক্তির ব্যবস্থা করিবেন এবং পরবর্তীতে পূর্ণ সদস্য হওয়ার বিষয়ে উদ্বুদ্ধ করিবেন। ছাত্র-ছাত্রীদের শিক্ষার মান উন্নয়নে এবং তাহাদের সুযোগ সুবিধা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় সুপারিশ করিবেন।

## অনুচ্ছেদ ঃ ০৯
## জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটি

**০৯.০০ কার্যাবলী ঃ**

০৯.০১.০১ জেলা নির্বাহী কমিটি স্ব-স্ব অধিক্ষেত্রে ইনস্টিটিউশনের যাবতীয় কার্যাবলী নির্বাহ ও পরিচালনা করিবে।

০৯.০১.০২ জেনিক / সাংগঠনিক জেনিক তার আওতাধীন ইউনিক/ইউনিট কমিটির অনুমোদন করিবে।

০৯.০১.০৩ ইউনিক/ইউনিট কমিটির কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ করিবে।



কার্যক্রমে কোন অনিয়ম পরিলক্ষিত হইলে কেন্দ্রের পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

০৯.০২.০০ গঠন ঃ জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটি নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত হইবেঃ

| | |
|---|---|
| ১। সভাপতি | - ১ (এক) জন |
| ২-৩। সহ-সভাপতি (জেলা/সাংগঠনিক জেলা সদর হইতে একজন) | - ২ (দুই) জন |
| ৪। সাধারণ সম্পাদক (জেলা/সাংগঠনিক জেলা সদর হইতে) | - ১ (এক) জন |
| ৫। যুগ্ম সাধারণ সম্পাদক | - ১ (এক) জন |
| ৬। অর্থ সম্পাদক (জেলা সদর হইতে) | - ১ (এক) জন |
| ৭। সাংগঠনিক সম্পাদক | - ১ (এক) জন |
| ৮। চাকুরী বিষয়ক সম্পাদক | - ১ (এক) জন |
| ৯। গ্রন্থাগার ও দফতর সম্পাদক (জেলা সদর হইতে) | - ১ (এক) জন |
| ১০। জনসংযোগ ও প্রচার সম্পাদক | - ১ (এক) জন |
| ১১। সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক | - ১ (এক) জন |
| ১২। সমাজকল্যাণ সম্পাদক | - ১ (এক) জন |
| ১৩। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক | - ১ (এক) জন |
| ১৪। গবেষণা ও আইসিটি সম্পাদক | - ১ (এক) জন |
| ১৫। মহিলা ও পরিবার কল্যাণ বিষয়ক সম্পাদক (মহিলা) | - ১ (এক) জন |
| ১৬। শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক | - ১ (এক) জন |
| ১৭। ছাত্র বিষয়ক সম্পাদক | - ১ (এক) জন |

বিভাগীয়/আঞ্চলিক সদরের জেলা নির্বাহী কমিটির ক্ষেত্রে সহ জনসংযোগ ও প্রচার সম্পাদকের ১টি পদ ও সহসাংগঠনিক সম্পাদকের ১টি পদ যুক্ত হইবে।

**০৯.০৩ জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটির সদস্যবৃন্দের কার্যাবলী, কর্তব্য ও দায়িত্ব ঃ**

০৯.০৩.০১ **সভাপতি ঃ** জেলা নির্বাহী কমিটির সভাপতি তাহার অধিক্ষেত্রে ইনস্টিটিউশনের উন্নতি ও অগ্রগতির দায়িত্ব পালন করিবেন। তিনি জেলা নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন। সভাপতি

কেবলমাত্র সমভোটের ক্ষেত্রে তাহার সিদ্ধান্তমূলক ভোট প্রদান করিবেন। কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিয়া তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত ও নীতিসমূহ বাস্তবায়নের দায়িত্ব পালন করিবেন।

০৯.০৩.০২ **সহ-সভাপতি ঃ** সহ-সভাপতিগণ সভাপতিকে দায়িত্ব পালনে সহায়তা করিবেন। সভাপতি বা জেনিক প্রদত্ত যে কোন দায়িত্ব পালন করিবেন। সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি (জেলা/সাংগঠনিক জেলা সদর) সভাপতির কার্যাবলী সম্পাদন করিবেন। উভয়ের অনুপস্থিতিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন।

০৯.০৩.০৩ **সাধারণ সম্পাদক ঃ** তিনি জেনিক-এর যাবতীয় অফিস কার্যক্রম নির্বাহের দায়িত্ব পালন করিবেন। তিনি সভাপতির সাথে পরামর্শ করিয়া জেলা নির্বাহী কমিটির সভা, সাধারণ সভা/সম্মেলনের বিজ্ঞপ্তি জারী করিবেন। তিনি সভা/সম্মেলনের কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করিবেন। তিনি জেলা নির্বাহী কমিটির সভাসমূহের প্রস্তাবাবলী ও সিদ্ধান্তসমূহ কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং তাহার নিজ অধিক্ষেত্রে ইনস্টিটিউশনের সকল সদস্যের নিকট প্রেরণ করিবেন। সাধারণ সম্পাদক সভাপতি ও অন্যান্য সম্পাদকবৃন্দের সহিত আলোচনা করিয়া জেলা নির্বাহী কমিটির বাজেট প্রণয়ন করিবেন এবং অনুমোদনের জন্য সাধারণ সভা/সম্মেলনে পেশ করিবেন। তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও জেলা নির্বাহী কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্ব পালন করিবেন।

০৯.০৩.০৪ **যুগ্ম সাধারণ সম্পাদক ঃ** যুগ্ম সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদকের কার্যক্রম পরিচালনায় সহায়তা করিবেন। তিনি সাধারণ সম্পাদক/ জেনিক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করিবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করিবেন।

০৯.০৩.০৫ **অর্থ সম্পাদক ঃ** নিজ অধিক্ষেত্রে জেলার সকল সদস্যের নিকট



হইতে অর্থ সম্পাদক চাঁদা/অনুদান সংগ্রহ করিবেন। তিনি জেলা নির্বাহী কমিটির সমুদয় আয় ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করিবেন। জেলা নির্বাহী কমিটির সভাপতি অথবা সাধারণ সম্পাদকের সহিত যুক্ত স্বাক্ষরে তিনি ব্যাংক হিসাব পরিচালনা করিবেন। তিনি কেন্দ্রীয় নির্বাহী কমিটির অর্থ সম্পাদকের নিকট কেন্দ্রের নির্ধারিত অর্থ প্রেরণ করিবেন। তিনি প্রতিবছর জেনিকের আয়-ব্যয় হিসাব নিরীক্ষার ব্যবস্থা করিবেন এবং সাধারণ সভা/ সম্মেলনের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।

০৯.০৩.০৬ **সাংগঠনিক সম্পাদক ঃ** তিনি জেলায় ইনস্টিটিউশনের সকল সাংগঠনিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করিবেন। তিনি জেলার সকল ইউনিক/ইউনিট নির্বাহী কমিটির সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিবেন এবং ইউনিক ও ইউনিটসমূহের সাংগঠনিক কার্যক্রমে সহায়তা করিবেন।

০৯.০৩.০৭ **সহ-সাংগঠনিক সম্পাদক ঃ** সহ-সাংগঠনিক সম্পাদক, সাংগঠনিক সম্পাদককে দায়িত্ব পালনে সহায়তা করিবেন। তিনি সাংগঠনিক সম্পাদক/জেনিক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করিবেন। সাংগঠনিক সম্পাদকের অনুপস্থিতিতে সহ-সাংগঠনিক সম্পাদক, সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করিবেন (বিভাগীয়/অঞ্চলিক জেলা সদরের জেনিকের ক্ষেত্রে প্রযোজ্য)।

০৯.০৩.০৮ **চাকরি বিষয়ক সম্পাদক ঃ** চাকরি বিষয়ক সম্পাদক জেনিক ও জেলা পর্যায়ের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স সার্ভিস এসোসিয়েশনসমূহের মধ্যে সমন্বয়কারী হিসেবে কাজ করিবেন। তিনি কেনিক চাকরি বিষয়ক সম্পাদকের সাথে যোগাযোগ রক্ষা করিবেন। তিনি জেলা পর্যায়ে চাকরী সংক্রান্ত সকল তথ্যাদি সংগ্রহ ও সরবরাহ করিবেন। তিনি জেলায় কর্মরত সদস্য প্রকৌশলীদের সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন।

০৯.০৩.০৯ **গ্রন্থাগার ও দফতর সম্পাদক ঃ** তিনি জেলা শাখার গ্রন্থাগার সংরক্ষণ, পরিচালনার দায়িত্ব পালন করিবেন। তিনি বই, পত্র-

পত্রিকা, সাময়িকী ইত্যাদি সংগ্রহ ও সংরক্ষণের দায়িত্ব পালন করিবেন এবং বিধি মোতাবেক সদস্যদের মধ্যে বই-পত্র ইস্যু করার দায়িত্ব পালন করিবেন। তিনি জেলা নির্বাহী কমিটির দফতর সংরক্ষণ করিবেন এবং যাবতীয় নথিপত্র, দলিল-দস্তাবেজ, আসবাবপত্র ইত্যাদিসহ সমুদয় সম্পত্তির হেফাজতের দায়িত্ব পালন করিবেন।

**০৯.০৩.১০ জনসংযোগ ও প্রচার সম্পাদক ঃ** তিনি জেনিকের সমুদয় প্রকাশনার দায়িত্ব পালন করিবেন। তিনি সকল বিজ্ঞপ্তি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সদস্যবৃন্দের নিকট এবং প্রয়োজনে সাধারণ্যে যথাযথ প্রচারের দায়িত্ব পালন করিবেন।

**০৯.০৩.১১ সহ জনসংযোগ ও প্রচার সম্পাদক ঃ** তিনি জনসংযোগ ও প্রচার সম্পাদককে দায়িত্ব পালনে সহায়তা প্রদান করিবেন। তিনি জনসংযোগ ও প্রচার সম্পাদক/জেনিক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করিবেন। জনসংযোগ ও প্রচার সম্পাদকের অনুপস্থিতিতে তিনি জনসংযোগ ও প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করিবেন (বিভাগীয়/অঞ্চলিক জেলা সদরের ক্ষেত্রে প্রযোজ্য)

**০৯.০৩.১২ সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক ঃ** তিনি জেলা নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকার, বিশেষ করিয়া বিশেষ বিশেষ দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের দায়িত্ব পালন করিবেন। তিনি নিজ এলাকার সদস্যবৃন্দের নিকট হইতে প্রবন্ধ, নিবন্ধ ও অন্যান্য লেখা সংগ্রহ করিবেন। বার্ষিক ম্যাগাজিন ও সকল প্রকার সাময়িকীর সম্পাদক হিসাবে কাজ করিবেন এবং জেলা শাখার যাবতীয় ক্রীড়া বিষয়ক অনুষ্ঠানের আয়োজন করিবেন।

**০৯.০৩.১৩ সমাজকল্যাণ সম্পাদক ঃ** তিনি জেলা নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে সদস্য প্রকৌশলীদের কল্যাণ সাধন এবং দেশের যে কোন দূর্যোগে দুঃস্থদের কল্যাণে মানবিক সাহায্যের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন। তিনি আইডিইবি সদস্য কল্যাণ



ফাউন্ডেশনে সদস্যভুক্তির জন্য সদস্য প্রকৌশলীদের উদ্বুদ্ধ করিবেন।

**০৯.০৩.১৪ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ঃ** তিনি জেলা নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহ করিবেন এবং সংগৃহীত তথ্য উপাত্ত আইডিইবি কেনিক/ স্টাডি এন্ড রিসার্চ সেলে প্রেরণ করিবেন এবং প্রয়োজনে কেনিকের সংশ্লিষ্ট সম্পাদকের অনুরূপ দায়িত্ব পালন করিবেন।

**০৯.০৩.১৫ গবেষণা ও আইসিটি সম্পাদক ঃ** তিনি জেলা শাখার সকল প্রকার তথ্য/নথিপত্র সংরক্ষণ করিবেন। তিনি প্রযুক্তিগত উন্নয়নে স্টাডি এন্ড রিসার্চ কার্যক্রম পরিচালনা করিবেন। তিনি জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে স্টাডি এন্ড রিসার্চ কার্যক্রম পরিচালনার জন্য তথ্য ও উপাত্ত প্রদান করে কেন্দ্রীয় স্টাডি এন্ড রিসার্চ সেলকে সহায়তা করিবেন।

**০৯.০৩.১৬ মহিলা ও পরিবার কল্যাণ বিষয়ক সম্পাদক ঃ** তিনি জেনিক এর অন্তর্ভুক্ত সকল মহিলা সদস্য ও পরিবারের সমন্বয়কারী হিসাবে কাজ করিবেন। তিনি মহিলা প্রকৌশলীদেরকে আইডিইবি'র সদস্যভুক্তির জন্য উদ্বুদ্ধ করিবেন ও সংগঠনমুখী করিতে সচেষ্ট থাকিবেন।

**০৯.০৩.১৭ শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক ঃ** তিনি জেলার সদস্যদের চাহিদা মোতাবেক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করিবেন। তিনি কেন্দ্রীয় শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করিয়া কেন্দ্র কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে জেলার সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করিবেন। তিনি জেলার পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের শিক্ষার মান ও পরিবেশ সম্পর্কে তথ্য সংগ্রহ করিবেন এবং জেনিক ও কেনিককে অবহিত করিবেন। তিনি জেলা শাখা পরিচালিত প্রশিক্ষণ ও প্রযুক্তি পরামর্শ কেন্দ্রের সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

**০৯.০৩.১৮ ছাত্র বিষয়ক সম্পাদক ঃ** তিনি জেলার সকল পলিটেকনিক

ইনস্টিটিউট, টেকনিক্যাল ইনস্টিটিউটসমূহের ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের শিক্ষার্থীগণের সহিত ঘনিষ্ঠ যোগাযোগ ও সম্পর্ক রক্ষা করিবেন। ছাত্রদেরকে ইনস্টিটিউশনের ছাত্রসদস্য হিসাবে অন্তর্ভূক্তির ব্যবস্থা করিবেন এবং পরবর্তীতে পূর্ণ সদস্য হওয়ার বিষয়ে উদ্বুদ্ধ করিবেন। ছাত্রদের সুযোগ সুবিধা বৃদ্ধি কল্পে প্রয়োজনীয় সুপারিশ জেনিকের সভায় উপস্থাপন করিবেন।

## অনুচ্ছেদ ঃ ১০
## ইউনিক / ইউনিট নির্বাহী কমিটি

**১০.০১ গঠনঃ**

১০.০১.০১ জেলার প্রতিটি উপজেলায় উপজেলা নির্বাহী কমিটি থাকিবে এবং জেলা নির্বাহী কমিটি প্রয়োজন অনুযায়ী কেন্দ্রীয় নির্বাহী কমিটি'র অনুমোদন সাপেক্ষে ইউনিট কমিটি গঠন করিবেন।

১০.০১.০২ সভাপতি, সহসভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক এবং অর্থ সম্পাদক সমন্বয়ে ইউনিক /ইউনিট নির্বাহী কমিটি গঠিত হইবে। ২০(বিশ) জনের অধিক সদস্য বিশিষ্ট ইউনিক /ইউনিটসমূহে যুগ্মসম্পাদকের ১ (এক) টি পদ এবং সাহিত্য, সংস্কৃতি ও সমাজকল্যাণ সম্পাদকের ১(এক) টি পদ সংযোজিত হইতে পারে।

**১০.০২ কার্যাবলীঃ**

১০.০২.০১ ইউনিক /ইউনিট কমিটিগুলি সংশ্লিষ্ট জেলা নির্বাহী কমিটির প্রশাসনিক নিয়ন্ত্রণে থাকিয়া কাজ করিবে।

১০.০২.০২ ইউনিক /ইউনিট কমিটিগুলি কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক স্বীকৃত সাংগঠনিক অধিকার ভোগ করিবে।

১০.০২.০৩ ইউনিক /ইউনিট নির্বাহী কমিটির কর্মকর্তাবৃন্দের কার্যক্রম, কর্তব্য



ও দায়িত্ব স্ব স্ব অধিক্ষেত্রে জেলা নির্বাহী কমিটির কর্মকর্তাবৃন্দের অনুরূপ হইবে।

১০.০২.০৪ জেলা শাখার বাজেট বরাদ্দ মোতাবেক ইউনিক /ইউনিট কমিটির ব্যয় নির্বাহ হইবে।

## অনুচ্ছেদ ঃ ১১
## নির্বাচন

**১১.০১ নির্বাচন কমিশন গঠন ঃ**

১১.০১.০১ কেনিক/জেনিক/সাংগঠনিক জেনিক/ইউনিক/ইউনিট কর্তৃক গঠিত নির্বাচন কমিশন হইবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট। ইনস্টিটিউশনের কেনিক/জেনিক/সাংগঠনিক জেনিক/উনিক/ইউনিট স্ব স্ব ক্ষেত্রে প্রবীণ ও যোগ্য ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের মধ্য হইতে ০১ (এক) জন প্রধান নির্বাচন কমিশনার ও ০২ (দুই) জন নির্বাচন কমিশনার নিয়োগ করিবে। নির্বাচন কমিশন কেনিকের নির্বাচনের জন্য কেনিকের অনুমোদন সাপেক্ষে একজন সহকারী নির্বাচন কমিশনার নিয়োগ করিতে পারিবে।

১১.০১.০২ কেন্দ্রীয় নির্বাচন কমিশন কেনিক নির্বাচনের জন্য জেলা পর্যায়ে স্থাপিত সকল কেন্দ্রে নির্বাচনী কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এক (১) জন রিটার্নিং অফিসার এবং দুই(২) জন সহকারী রিটার্নিং অফিসার জেলায় অবস্থিত প্রবীণ ও যোগ্য ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের মধ্য হইতে নিয়োগ প্রদান করিবেন।

**১১.০২. মেয়াদকাল ও সময় ঃ**

১১.০২.০১ কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটির কার্যকালের মেয়াদ হইবে ০৩(তিন) বৎসর।

১১.০২.০২ কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্বাচন মেয়াদকালের শেষ বৎসরের ডিসেম্বরের মধ্যে সকল জেলা/সাংগঠনিক জেলা সদরে স্থাপিত ভোট কেন্দ্রে সংশ্লিষ্ট জেলা শাখার ও তার অন্তর্ভূক্ত ইউনিক/ইউনিট

শাখার সকল বৈধ ভোটারদের সরাসরি ভোটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

১১.০২.০৩ জেলা নির্বাহী কমিটি/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটির নির্বাচন মেয়াদকালের শেষ বৎসরের নভেম্বর মাসের মধ্যে জেনিক কর্তৃক প্রস্তুতকৃত ও জেনিক, সাংগঠনিক জেনিক কর্তৃক প্রস্তুতকৃত ও কেনিক কর্তৃক অনুমোদিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ভোটারদের সরাসরি ভোটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

১১.০২.০৪ ইউনিক কমিটি/ইউনিট কমিটির নির্বাচন স্ব স্ব শাখার বৈধ ভোটারদের সরাসরি ভোটের মাধ্যমে অক্টোবর মাসের মধ্যে অনুষ্ঠিত হইবে। ইউনিক /ইউনিট নির্বাহী কমিটির কার্যকাল হইবে ২ (দুই) বৎসর।

১১.০২.০৫ কোন দৈব দুর্ঘটনা, রাষ্ট্রীয় বাধ্যবাধকতা কিংবা কোন অস্বাভাবিক পরিস্থিতিতে কেনিক/জেনিক/ইউনিক/ইউনিট নির্বাচন সময়মত সম্পন্ন করা সম্ভব না হইলে বিদ্যমান কমিটি পরবর্তী নির্বাচন পর্যন্ত বলবৎ থাকিবে।

**১১.০৩ পদ্ধতি ঃ**

১১.০৩.০১ সকল জেলা/সাংগঠনিক জেলা/ইউনিক/ইউনিট এর সদস্যবৃন্দ সংশ্লিষ্ট জেলা / সাংগঠনিক জেলা / ইউনিক / ইউনিট এর নির্বাহী কমিটি ও কেন্দ্রীয় কাউন্সিলর নির্বাচত করিবেন।

১১.০৩.০২ গোপন ব্যালটের মাধ্যমে ভোট প্রদত্ত হইবে।

১১.০৩.০৩ সকল নির্বাচন বিদায়ী কমিটি'র অধীনে অনুষ্ঠিত হইবে।

১১.০৩.০৪ প্রথম কেন্দ্রীয় নির্বাহী কমিটি ১৯৭০ সনের ৮ নভেম্বর ঢাকায় অনুষ্ঠিত সাধারণ সম্মেলনে উপস্থিত সদস্যবৃন্দের দ্বারা মাত্র ১ (এক) বৎসরের জন্য গঠিত হয় যাহা এই সংবিধানের অধীনে হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১১.০৩.০৫ কেন্দ্রীয় নির্বাহী কমিটি ইনস্টিটিউশনের তথা



জেনিক/ইউনিক/ইউনিট এর সকল বৈধ ভোটারের সরাসরি ভোটে নির্বাচিত হইবে। এই পদ্ধতি কেনিক নির্বাচন ২০১১-১২ টার্ম হইতে কার্যকর হইয়াছে যাহা এই সংবিধানের অধীনে অনুষ্ঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১১.০৩.০৬ ইনস্টিটিউশনের সকল পর্যায়ের নির্বাচন ছবিযুক্ত ভোটার তালিকা অনুযায়ী হইবে।

**১১.০৪ ভোটার/প্রার্থী হওয়ার যোগ্যতা ঃ**

১১.০৪.০১ ক) যে সকল সদস্য হালনাগাদ বার্ষিক চাঁদা পরিশোধ করিয়াছেন, তাহারা ভোটার হিসাবে তালিকাভুক্ত হইবেন।

খ) হালনাগাদ সদস্য চাঁদা প্রদানকারী বা নির্বাচনের অব্যবহিত পূর্বের ন্যূনতম ৩ (তিন) বৎসরের বকেয়া বার্ষিক সদস্য চাঁদা পরিশোধপূর্বক ভোটার হিসাবে তালিকাভুক্ত হইতে পারিবে।

গ) নির্বাচন তফসিল ঘোষণার পূর্ব পর্যন্ত বার্ষিক চাঁদা পরিশোধপূর্বক সদস্যভুক্ত হইলে ভোটার হিসাবে তালিকাভুক্ত হইতে পারিবে।

১১.০৪.০২ চাকরীরত সদস্যগণ কর্মস্থল এবং অন্যান্য সদস্যগণ বসবাসের স্থান অনুযায়ী সংশ্লিষ্ট জেলার সদস্য হিসাবে বিবেচিত হইবেন।

১১.০৪.০৩ কেনিক ও জেনিক নির্বাচনে প্রার্থী হইতে হইলে ১১.০৪.০১ উপ-অনুচ্ছেদ অনুসারে ভোটার হইতে হবে।

১১.০৪.০৪ কেনিক নির্বাচনে সভাপতি পদে প্রার্থীর ক্ষেত্রে ২০ (বিশ) বৎসর, সাধারণ সম্পাদক পদে প্রার্থীর ক্ষেত্রে ১০ (দশ) বৎসর, সহ-সভাপতি ও অন্যান্য পদে প্রার্থীর ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসর পূর্বে আইডিইবি'র সদস্যপদ গ্রহণ করিতে হইবে।

১১.০৪.০৫ জেনিক নির্বাচনে সভাপতি প্রার্থীর ক্ষেত্রে ১০ (দশ) বৎসর, সাধারণ সম্পাদক প্রার্থীর ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসর এবং অন্যান্য পদের প্রার্থীদের ক্ষেত্রে ৩ (তিন) বছরপূর্বে আইডিইবি'র

সদস্যপদ গ্রহণ করিতে হইবে। ইউনিক ও ইউনিটের নির্বাচনে প্রার্থীদের ক্ষেত্রে ১১.০৪.০১ উপ-অনুচ্ছেদ অনুযায়ী ভোটার হইতে হইবে।

**১১.০৫ ভোটার তালিকা ঃ**

১১.০৫.০১ নির্বাচনের ০২ (দুই) মাস পূর্বে জেলা/সাংগঠনিক জেলা / সাংগঠনিক জেলা নির্বাহী কমিটি সেই জেলার ভোটার তালিকা, পরিশোধিত চাঁদা আদায়ের রশিদের কেন্দ্রীয় অংশ, চাঁদার কেন্দ্রীয় অংশ এবং ভোটারের ছবি ও প্রয়োজনীয় তথ্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট পৌঁছাইতে হইবে। কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত ভোটার তালিকা ইনস্টিটিউশনের সকল পর্যায়ের নির্বাচনে চূড়ান্ত ও বৈধ তালিকা হিসাবে বিবেচিত হইবে অনুরূপভাবে বৈদেশিক সংগঠন গুলির ভোটার তালিকাও কেন্দ্রীয় নির্বাচন কমিশনের হিসাব প্রদান করিতে হইবে।

১১.০৫.০২ কেন্দ্রীয় নির্বাহী কমিটি প্রাপ্ত সকল জেলা/সাংগঠনিক জেলা/ ইউনিক/ইউনিট এর ভোটার তালিকা সমন্বিত আকারে নির্বাচনের এক (০১) মাস পূর্বে কেন্দ্রীয় নির্বাচন কমিশনের নিকট প্রদান করিবে।

## অনুচ্ছেদ ঃ ১২
## সভা

**১২.০১ কেন্দ্রীয় নির্বাহী কমিটি**

১২.০১.০১ **জাতীয় সম্মেলন ঃ** টার্মের মধ্যে অন্তত একবার জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হইবে। কেনিক সম্মেলনের কমপক্ষে পনের দিন পূর্বে বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে সংশ্লিষ্টদের আমন্ত্রণ জানাইবেন।

১২.০১.০২ **জাতীয় কাউন্সিল ঃ** জাতীয় কাউন্সিল অধিবেশন প্রতিবছর কেনিক কর্তৃক অনুষ্ঠিত হইবে এবং কাউন্সিলের কমপক্ষে পনের দিন পূর্বে সম্মেলনের জন্য কাউন্সিলরবৃন্দকে আমন্ত্রণ জানাইবেন। সাধারণ



সংখ্যাগরিষ্ঠতায় জাতীয় কাউন্সিলের গণপূর্তি সম্পন্ন হইবে।

১২.০১.০৩ **প্রতিনিধি সম্মেলন ও সার্ভিস এসোসিয়েশন সম্মেলন ঃ** কেনিক প্রয়োজনে প্রতিনিধি সম্মেলন ও সার্ভিস এসোসিয়েশন সম্মেলনের আয়োজন করিতে পারিবে। সে ক্ষেত্রে প্রতিনিধিগণকে/সার্ভিস এসোসিয়েশনকে ন্যূনতম দশ (১০) দিন পূর্বে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানাইবেন।

**১২.০১.০৪ মাসিক সভা ঃ**

(অ) মাসিক সভা প্রতি মাসে একবার অনুষ্ঠিত হইবে।

(আ) সাধারণ সম্পাদক, সভাপতির সহিত আলোচনাক্রমে সভা আহ্বান করিবেন।

(ই) এই ধরনের সভার বিজ্ঞপ্তি নির্ধারিত তারিখের সাতদিন পূর্বে প্রচার করিতে হইবে।

(ঈ) গণপূর্তি (কোরাম) ঃ নির্বাহী কমিটির সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় গণপূর্তি সম্পন্ন হইবে।

**১২.০১.০৫ জরুরি সভা ঃ**

(অ) এই সভা সাধারণ সম্পাদক অথবা সভাপতি কর্তৃক আহূত হইবে।

(আ) এই ধরনের সভার জন্য ২৪ ঘন্টার বিজ্ঞপ্তির প্রয়োজন হইবে।

(ই) গণপূর্তি (কোরাম) ঃ সভাপতি অথবা সাধারণ সম্পাদক এবং নির্বাহী কমিটির যে কোন ২ (দুই) জন সদস্যের উপস্থিতিতে গণপূর্তি সম্পন্ন হইবে।

(ঈ) সভার সিদ্ধান্ত পরবর্তী কেনিকের মাসিক সভায় অনুমোদন করিয়া নিতে হইবে।

**১২.০১.০৬ তলবি সভা ঃ**

(অ) সুনির্দিষ্ট কোন আলোচ্যসূচির উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্বাহী কমিটির যে কোন সদস্যের অনুরোধে তলবি সভা আহ্বান করা যাইবে, তবে সেই ক্ষেত্রে নির্বাহী কমিটির ন্যূনতম সংখ্যাধিক সদস্যের লিখিত সম্মতি থাকিতে হইবে।

(আ) নির্বাহী কমিটির তিন চতুর্থাংশ সদস্যের উপস্থিতি গণপূর্তি (কোরাম) সম্পন্ন হইবে।

**১২.০১.০৭ বর্ধিত সভা ঃ** প্রতি তিন মাস অন্তর অন্তর বর্ধিত সভা অনুষ্ঠিত হইবে। বর্ধিত সভায় জেনিক ও সাংগঠনিক জেনিক এর সভাপতি অথবা সাধারণ সম্পাদক কেনিক সহযোগী সদস্য হিসাবে উপস্থিত থাকিবেন।

**১২.০৩ জেনিক/ইউনিক/ইউনিট নির্বাহী কমিটি ঃ**

**১২.০৩.০১ মাসিক সভা ঃ** এই সভা প্রতিমাসে একবার অনুষ্ঠিত হইবে। সভা আহ্বান, বিজ্ঞপ্তি জারি ও গণপূর্তি (কোরাম) কেন্দ্রীয় নির্বাহী কমিটির মাসিক সভার অনুরূপ হইবে।

**১২.০৩.০২ সাধারণ সভা ঃ**

(অ) জেলা নির্বাহী কমিটি বৎসরে অন্তত ০২(দুই) বার সাধারণ সদস্যদের সমন্বয়ে সাধারণ সভা করিবে।

(আ) এই ধরনের সভার বিজ্ঞপ্তি নির্ধারিত তারিখের ১০ (দশ) দিন পূর্বে প্রচার করিতে হইবে।

(ই) গণপূর্তি (কোরাম) ঃ তালিকাভুক্ত সদস্যের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় গণপূর্তি (কোরাম) সম্পন্ন হইবে।

১২.০৩.০৩ জরুরি সভা ও তলবি সভা ঃ কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুরূপ হইবে।



## অনুচ্ছেদ ঃ ১৩
## সংশোধন

১৩.০১ ইনস্টিটিউশনের যে কোন সদস্য সংবিধান সংশোধনী প্রস্তাবের সূত্রপাত ঘটাইতে পারিবে। প্রস্তাবক যেই জেলায় সদস্য, সেই জেলার জেলা নির্বাহী কমিটির মাধ্যমে কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট প্রেরণ করিতে হইবে। এরূপভাবে প্রাপ্ত সকল সংশোধনী প্রস্তাবসহ কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক উত্থাপিত সংশোধনী প্রস্তাবসমূহ কেনিক কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক যাচাইপূর্বক বিবেচনার জন্য কেনিক জাতীয় কাউন্সিলে উত্থাপন করিবে।

১৩.০২ জাতীয় কাউন্সিল সম্মেলনে সংবিধান সংশোধনের নির্ধারিত অধিবেশনে উপস্থিত জাতীয় কাউন্সিল সদস্যবৃন্দের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় যে কোন অনুচ্ছেদ, বিধি অথবা উহার অংশবিশেষ সংশোধন করা যাইবে। জাতীয় কাউন্সিলের উপস্থিত সদস্যদের সাধারণ সংখ্যাগরিষ্ঠতা গণপূর্তি (কোরাম) সম্পন্ন হইবে।

## অনুচ্ছেদ ঃ ১৪
## অর্থ

**১৪.০১ তহবিল ঃ**

১৪.০১.০১ সংশ্লিষ্ট জেলায় সদস্যবৃন্দের নিকট হইতে আদায়কৃত বার্ষিক চাঁদার ১০ (দশ) শতাংশ ও ভর্তি ফি কেন্দ্রীয় নির্বাহী কমিটির ব্যাংক হিসাব খাতে জমা করিতে হইবে এবং বাকি ৯০ (নব্বই) শতাংশ সংশ্লিষ্ট জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটির ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে। অন্যান্য সকল সংগ্রহ কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্দেশ মোতাবেক হিসাবের অনুকূলে জমা দিতে হইবে।

১৪.০১.০২ সমস্ত তহবিল বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে সংরক্ষিত হইবে এবং উহা ইনস্টিটিউশনের নামে রাখিতে হইবে।

১৪.০১.০৩ সভাপতি অথবা সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদকের যুক্ত স্বাক্ষরে তহবিল পরিচালিত হইবে।

১৪.০১.০৪ সকল প্রকার চাঁদা/অনুদান এবং অন্যান্য উৎস হইতে প্রাপ্ত আয়ের হিসাব কেনিক/জেনিক/ইউনিক/ইউনিট সচ্ছতার সহিত ব্যাংকের মাধ্যমে সংরক্ষণ ও পরিচালনা করিবে।

**১৪.০২ ব্যয় ঃ কেনিক**

১৪.০২.০১ বাজেট অনুযায়ী ব্যয় নির্বাহ করা হইবে।

১৪.০২.০২ এককালিন টাকা ১০,০০০/- (দশ হাজার) মাত্র এর অধিক ব্যয়ের জন্য সভাপতি অথবা সাধারণ সম্পাদক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

১৪.০২.০৩ বাহক চেকের মাধ্যমে টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) এর উর্ধ্বে ব্যাংক হইতে এককালিন উত্তোলন করা যাইবে না। তবে কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদনক্রমে এই টাকার পরিমাণ বৃদ্ধি করা যাইবে। প্রাপকদের বিল সম্ভাব্য ক্ষেত্রে চেক/ক্রস চেকের মাধ্যমে পরিশোধ করিতে হইবে বা কেনিকের সিদ্ধান্ত অনুযায়ী পরিশোধ করিতে হইবে।

১৪.০২.০৪ সভাপতি ও সাধারণ সম্পাদক এককালীন টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) পর্যন্ত ব্যয় নির্বাহ করিতে পারিবে। তৎপ্রক্ষিতে তাঁহাদের প্রতিজনে সর্বোচ্চ টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র নগদ রাখিতে পারিবেন।

১৪.০২.০৫ আইডিইবি এর সকল আয় ব্যয়ের হিসাব কেনিকের সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক সংরক্ষণ করিবেন এবং কেনিক সভায় উপস্থাপন করিবেন।

১৪.০৩ ব্যয় ঃ জেনিক/সাংগঠনিক জেনিক/ইউনিক/ইউনিট

১৪.০৩.০১ বাজেট অনুযায়ী ব্যয় নির্বাহ করিতে হইবে। জেনিক ইউনিক/ইউনিটের ব্যয় নির্বাহের জন্য বাজেট বরাদ্দ দিবে।

১৪.০৩.০২ এককালীন টাকা ১,০০০/- (এক হাজার) মাত্র এর অধিক ব্যয়ের



জন্য সভাপতি অথবা সাধারণ সম্পাদক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

১৪.০৩.০৩ সভাপতি ও সাধারণ সম্পাদক এককালীন টাকা ২,০০০/- (দুই হাজার) পর্যন্ত ব্যয় নির্বাহ করিতে পারিবে, তৎপ্রেক্ষিতে তাঁহাদের প্রতিজনের নিকট সর্বোচ্চ টাকা ২,০০০/- (দুই হাজার) মাত্র নগদ রাখিতে পারিবে।

**১৪.০৪ অডিট (নিরীক্ষা) ঃ**

১৪.০৪.০১ ইনস্টিটিউশনের আয়-ব্যয়ের হিসাব কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক নিযুক্ত অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি/দল ও রেজিস্টার্ড অডিট প্রতিষ্ঠান দ্বারা প্রতি বৎসর নিরীক্ষিত হইবে। বার্ষিক জাতীয় কাউন্সিল সম্মেলনের পূর্বে নিরীক্ষাকার্য সম্পন্ন করিতে হইবে এবং ইহার প্রতিবেদন কাউন্সিল সম্মেলনে পেশ করিতে হইবে।

১৪.০৪.০২ জেলা/সাংগঠনিক জেলা নির্বাহী কমিটি ও ইউনিক/ইউনিট নির্বাহী কমিটিগুলি কেন্দ্রীয় নির্বাহী কমিটির তহবিল ও ব্যয় সংক্রান্ত আর্থিক নিয়ম পদ্ধতি অনুসরণ করিবে।

## অনুচ্ছেদ ঃ ১৫
## পদত্যাগ, অনাস্থা ও সংযোজন

**১৫.০১ পদত্যাগ ঃ**

১৫.০১.০১ নির্বাহী কমিটির যে কোন সদস্য পদত্যাগ পত্র সভাপতির নিকট পেশ করিবেন। সভাপতি স্বীয় ক্ষেত্রে, জ্যেষ্ঠ সহসভাপতির নিকট পদত্যাগ পত্র পেশ করিবেন।

১৫.০১.০২ এই ধরনের পদত্যাগপত্র নির্বাহী কমিটি বিবেচনা করিবেন এবং নির্বাহী কমিটির সদস্যবৃন্দের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় গৃহীত হইলে কার্যকর হইবে।

**১৫.০২. অনাস্থা ঃ**

১৫.০২.০১ সার্বিকভাবে নির্বাহী কমিটির বিরুদ্ধে কোন অনাস্থা প্রস্তাব,

সর্বমোট জাতীয় কাউন্সিল সদস্যের এক চতুর্থাংশের লিখিত সমর্থন লাভের পর যে কোন জাতীয় কাউন্সিল সদস্য উত্থাপন করিতে পারিবেন।

১৫.০২.০২ কেন্দ্রীয় নির্বাহী কমিটির একক কোন সদস্যের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নির্বাহী কমিটির অধিকাংশ সদস্যের লিখিত সমর্থন সংগ্রহ করিয়া যে কোন নির্বাহী কমিটির সদস্য উত্থাপন করিতে পারিবেন।

১৫.০২.০৩ অনাস্থা প্রস্তাব সভাপতি সমীপে পেশ করিতে হইবে, যাহার বিরুদ্ধে ব্যক্তিগতভাবে কোন অনাস্থা প্রস্তাব আনয়ন করা যাইবে না। সভাপতি সার্বিকভাবে নির্বাহী কমিটির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাইবার দুই মাসের মধ্যে জাতীয় কাউন্সিল সভা আহ্বান করিবেন।

১৫.০২.০৪ নির্বাহী কমিটির বিরুদ্ধে আনিত অনাস্থা জাতীয় কাউন্সিলে উপস্থিত কাউন্সিলরদের সাধারণ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গৃহীত হইবে। কেন্দ্রীয় নির্বাহী কমিটির একক কোন সদস্যের বিরুদ্ধে উত্থাপিত অনাস্থা প্রস্তাবের ক্ষেত্রে কেন্দ্রীয় নির্বাহী কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

১৫.০২.০৫ সর্বমোট জাতীয় কাউন্সিল সদস্যবৃন্দের দুই তৃতীয়াংশ গণপূর্তি (কোরাম) সম্পন্ন করিবে। একক সদস্যের ক্ষেত্রে কেন্দ্রীয় নির্বাহী কমিটির দুই তৃতীয়াংশ গণপূর্তি (কোরাম) সম্পন্ন করিবে।

১৫.০২.০৬ সার্বিকভাবে জেনিক/ইউনিক/ইউনিট-এর ক্ষেত্রে অনাস্থা প্রস্তাব এক চতুর্থাংশ সদস্যের লিখিত সমর্থন লাভের পর সভাপতি সমীপে পেশ করিতে হইবে, যাহার বিরুদ্ধে কোন অনাস্থা প্রস্তাব আনয়ন করা যাইবে না। এমন ক্ষেত্রে সভাপতি ০১ (এক) মাসের মধ্যে সাধারণ সভা আহবান করিবেন এবং সাধারণ সভার সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে অনাস্থা প্রস্তাব গ্রহণ করিতে হইবে। এমন ক্ষেত্রে মোট সদস্যের দুই তৃতীয়াংশ গণপূর্তি সম্পন্ন করিবে।

**১৫.০২.০৭ জেনিক/ইউনিক/ইউনিট** এর একক কোন সদস্যের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নির্বাহী কমিটির অধিকাংশ সদস্যের লিখিত সমর্থনে যে কোন নির্বাহী কমিটির সদস্য উত্থাপন করিতে পারিবেন। অনুরূপ প্রস্তাব



পাইবার পর সভাপতি ০১ (এক) মাসের মধ্যে বিষয়টির চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন। প্রয়োজনবোধে ইউনিক/ইউনিট সভাপতি জেনিক-এর এবং জেনিক সভাপতি কেনিক-এর পরামর্শ গ্রহণ করিবেন।

**১৫.০৩ সংযোজন (কো-অপশন) ঃ** পদত্যাগ, অনাস্থা গ্রহণ, বদলি, বহিষ্কার, মৃত্যু অথবা অন্য কোন কারণে যে কোন কমিটিতে দুইটি পর্যন্ত পদ শূন্য হইলে, সংশ্লিষ্ট কমিটির সেই শূন্য পদ কাউন্সিলরদের অগ্রাধিকার প্রদানপূর্বক যে কোন সদস্য দ্বারা কো-অপট করা যাইবে।

**১৫.০৪ উপ-নির্বাচন ঃ** সংযোজিত আসনসহ কোন কমিটিতে দুই-এর অধিক পদ শূন্য হইলে, সাধারণ নির্বাচন পদ্ধতিতে উপ-নির্বাচন অনুষ্ঠিত হইবে এবং পূর্বের সংযোজন যদি থাকে, তবে তাহা বাতিল বলিয়া পরিগণিত হইবে।

**১৫.০৫ নির্বাহী কমিটি হইতে অব্যাহতি ঃ** কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও জেলা নির্বাহী কমিটির কোন সদস্য লিখিতভাবে পূর্বানুমতি ছাড়া একনাগাড়ে ৩(তিন)টি মাসিক সভায় অনুপস্থিত থাকিলে তিনি সংশ্লিষ্ট নির্বাহী কমিটি হইতে অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

## পরিশিষ্ট-ক
## সংজ্ঞা

১। **"ইনস্টিটিউশন"** বলিতে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) বুঝাইবে।

২। **"ডিপ্লোমা ইঞ্জিনিয়ার"** এই সংবিধানে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার বলিতে সকল পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল ইনস্টিটিউট, প্রকৌশল মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়সমূহ হইতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স পাসকৃত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত সকল গ্র্যাজুয়েটগণকে বুঝাইবে।

৩। **“সংবিধান"** বলিতে ১৯৭০ সন হইতে সৃষ্ট এবং পরবর্তীতে সময়ে সময়ে সংশোধিত ইনস্টিটিউশনের সংবিধান বুঝাইবে।

৪। **“বিধি/উপবিধি"** বলিতে সংবিধানের সহিত সঙ্গতি রক্ষা করিয়া এবং ইহার কার্যকারিতা ও বৈধতা সংবিধানের আওতাধীন রাখিয়া ইনস্টিটিউশনের জন্য প্রণীত বিধি/উপবিধিসমূহ বুঝাইবে।

৫। **“প্রবিধান (রেগুলেশন)”** বলিতে সংবিধানের বিধি/উপবিধি সমূহের সহিত সঙ্গতি রাখিয়া কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত নিয়মাবলী বুঝাইবে।

৬। **“কাউন্সিল”** বলিতে ইনস্টিটিউশনের লক্ষ্য ও উদ্দেশ্য সার্বিক অথবা অংশবিশেষ অর্জনের নিমিত্তে আকস্মিক অথবা মঙ্গলময় সকল বিষয় নিষ্পন্ন করিবার জন্য ইনস্টিটিউশনের সংবিধান ও প্রবিধান অনুযায়ী গঠিত জাতীয় কাউন্সিল বুঝাইবে।

৭। **“কাউন্সিল সদস্য”** বলিতে সংবিধান ও প্রবিধান অনুযায়ী ইনস্টিটিউশনের জাতীয় কাউন্সিলের জন্য সদস্যবৃন্দ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি বুঝাইবে।

৮। **“নির্বাহী কাঠামো (এক্সিকিউটিভ বডি)”** বলিতে সংশ্লিষ্ট নির্বাহী কমিটির সকল সদস্য বুঝাইবে।

৯। **“কর্মকর্তা (অফিস বিয়ারার)”** বলিতে সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, যুগ্ম-সম্পাদক, অর্থ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, সহকারী সাংগঠনিক সম্পাদক, জনসংযোগ ও প্রচার সম্পাদক, সহকারী জনসংযোগ ও প্রচার সম্পাদক, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক, সমাজ কল্যাণ সম্পাদক, মহিলা বিষয়ক সম্পাদক, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক, সহ-শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক, গবেষণা ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, লাইব্রেরি সম্পাদক, প্রকাশনা সম্পাদক, চাকরি বিষয়ক সম্পাদক, তথ্য ও গবেষণা সম্পাদক, দফতর সম্পাদক ও ছাত্র বিষয়ক সম্পাদক বুঝাইবে।

১০। **“নির্বাহী কমিটি”** বলিতে ইনস্টিটিউশনের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য স্বস্ব অধিক্ষেত্রে কল্যাণমূলক সকল কার্যক্রম চালাইবার জন্য সংবিধান ও প্রবিধান অনুযায়ী গঠিত কার্যকরী কমিটি বুঝাইবে।



১১। **“সাধারণ সভা”** বলিতে জেলা শাখার সদস্যদের সাধারণ সভা বুঝাইবে।

১২। **“সদস্য”** বলিতে যাহারা ডিপ্লোমা ইঞ্জিনিয়ার অথবা সমমানের সেইরূপ চাঁদা প্রদানকারী সদস্য বুঝাইবে। ছাত্রসদস্য, সম্মানীসদস্য, দাতাসদস্য, ফেলোসদস্য ও আজীবন সদস্যবৃন্দ সংবিধানের বর্ণনা মোতাবেক বুঝাইবে।

১৩। **“উপদেষ্টা”** উপদেষ্টা বলিতে উপদেষ্টা পরিষদের প্রধান উপদেষ্টা ও উপদেষ্টাবৃন্দকে বুঝাইবে।

১৪। **“সরকার”** বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুঝাইবে।

১৫। **“দেশ”** বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে বুঝাইবে।

১৬। **“বিজ্ঞপ্তি"** বলিতে সাধারণ সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত এবং বিজ্ঞপ্তি পাওয়ার যোগ্য সদস্যবৃন্দের নিবন্ধিত ঠিকানায় পাঠানো লিখিত বিজ্ঞপ্তি বুঝাইবে।

১৭। **“মেয়াদ”** বলিতে কেনিক, জেনিক, ইউনিক ও ইউনিটের নির্ধারিত সময়কাল বুঝাইবে।

১৮। **“অনুচ্ছেদ”** বলিতে সংবিধানের অনুচ্ছেদ বুঝাইবে।

১৯। **“ধারা/উপধারা”** বলিতে সংবিধানের অনুচ্ছেদসমূহের ধারা/উপধারা বুঝাইবে।

২০। **“তহবিল (ফান্ড)”** বলিতে চাঁদা, অনুদান ও ঋণ, প্রকাশনা বিক্রয়লব্ধ অর্থ প্রভৃতি অথবা ইনস্টিটিউশনের অন্যান্য উৎস হতে আয় সহ যে কোন সংগৃহীত অর্থ বুঝাইবে।

২১। **“কেনিক”** বলিতে ইনস্টিটিউশনের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বুঝাইবে।

২২। **“জেনিক”** বলিতে জেলা নির্বাহী কমিটি বুঝাইবে।

২৩। **“সাংগঠনিক জেনিক”** বলিতে সাংগঠনিক জেলা নির্বাহী কমিটিকে বুঝাইবে।

২৪। **“ইউনিক”** বলিতে উপজেলা নির্বাহী কমিটি বুঝাইবে।

২৫। **"ইউনিট"** বলিতে ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া/গুরুত্বপূর্ণ স্থান যেখানে নির্বাহী কমিটি গঠনের জন্য প্রয়োজনীয় সংখ্যক সদস্য প্রকৌশলী অবস্থান করিবেন উহাকে বুঝাইবে।

২৬। **"আইসিটি"** বলিতে তথ্য যোগাযোগ প্রযুক্তি বুঝাইবে।

৩৭। **"এমআইএস"** বলিতে তথ্যপ্রযুক্তি ব্যবস্থাপনা বুঝাইবে।

## পরিশিষ্ট-খ

**১। ঢাকা অঞ্চল ঃ**

ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর ও নরসিংদী জেলা।

**২। ফরিদপুর অঞ্চল ঃ**

ফরিদপুর, রাজবাড়ী, শরিয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা।

**৩। ময়মনসিংহ অঞ্চল ঃ**

ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর ও টাঙ্গাইল জেলা।

**৪। খুলনা অঞ্চল ঃ**

খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, নড়াইল, মাগুরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা।

**৫। বরিশাল অঞ্চলঃ**

বরিশাল, ভোলা, বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠি ও পিরোজপুর জেলা।

**৬। রাজশাহী অঞ্চলঃ**

রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলা।

**৭। রংপুর অঞ্চল ঃ**

রংপুর, কুড়িগ্রাম, লালমণিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা।

**৮। সিলেট অঞ্চল ঃ**

সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলা।



**৯। চট্টগ্রাম অঞ্চল ঃ**

চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলা।

**১০। কুমিল্লা অঞ্চল ঃ**

কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলা।

## পরিশিষ্ট-গ

১। সংবিধানের বাংলা ভাষ্যের যে কোন বিতর্কিত ব্যাখ্যায় ইংরেজি ভাষ্য প্রামাণ্য দলিল হিসাবে পরিগণিত হইবে।

২। কোন কারণে কোনদিন আইডিইবি'র বিলুপ্তি ঘটিলে এর স্থাবর-অস্থাবর সম্পত্তি, সকল পরিসম্পদ ও দায়-দায়িত্ব গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হাতে ন্যস্ত হইবে।